দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 JAN 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

60

# মাধ্যমিক পর্যায়ে কৃষিশিক্ষা আবশ্যিক হচ্ছে

সরকার দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনা করে শিক্ষাক্রমকে জীবন ও কর্মমুখী করার জন্য ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত কৃষিশিক্ষাকে আবশ্যিক বিষয় হিসাবে চালুর সিদ্ধান্ত নিয়েছে। মঙ্গলবার এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয়, প্রতিটি শ্রেণীর পাঠ্যপুস্তকে মৎস্যচাষ, পশুপালন, হাঁস-মুরগির

(শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## মাধ্যমিক পর্যায়ে

প্রথম পাতার পর

খামার, ফলমূল ও শাক-সবজি চাষ এবং বৃক্ষরোপণ ও সামাজিক বনায়ন অন্তর্ভুক্ত থাকবে। প্রতিটি শ্রেণীর পাঠ্যপুস্তকের ওপর ১০০ নম্বর থাকবে। এর মধ্যে ৬০% ভাগ তাত্ত্বিক এবং ৪০% ভাগ ব্যবহারিক এ দু'ভাগে বিভক্ত হবে।

কৃষিশিক্ষা ছাত্রীদের জন্যও উন্মুক্ত থাকবে। তবে যে সব ছাত্রী কৃষিবিজ্ঞান পড়তে চাইবে না, তারা বিকল্প বিষয় হিসাবে গার্হস্থ্য অর্থনীতি অধ্যয়ন করতে পারবে।